HM Government

Grenfell community updates

# Grenfell Tower community update: June 2026 - Bengali / বাংলা

**গ্রেনফেল টাওয়ার (Grenfell Tower) কমিউনিটি আপডেট: জুন 2026**
আমরা বুঝি যে গ্রেনফেল টাওয়ার এর মর্মান্তিক ঘটনায় সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্তদের জন্য এর একটি গভীর ব্যক্তিগত তাৎপর্য রয়েছে এবং এই ভূমি পরিবারগুলোর কাছে পবিত্র।

টাওয়ারটি সতর্কতার সাথে নামিয়ে ফেলার কাজের বিষয়ে আমরা আপনাকে সময়ে সময়ে জানাতে চাই।
এই আপডেটে আপনি নিচের বিষয়গুলো সম্পর্কে আরও জানতে পারবেন:

- **গ্রেনফেল টাওয়ারের নবম বার্ষিকী**
- **গ্রেনফেল হার্ট ব্যানার**
- **পরিকল্পনার আবেদন**
- **ধুলোবালি, কম্পন এবং শব্দের মাত্রা পর্যবেক্ষণ সংক্রান্ত তথ্য**
- **স্বাস্থ্য ও মানসিক সুস্থতা বিষয়ক সহায়তা**
- **আমাদের সাথে যেভাবে কথা বলবেন বা আরও বিস্তারিত জানবেন**

আপনি এই লিংকে গিয়ে আগের আপডেট দেখতে পারেন:
www.gov.uk/grenfell-community-updates

## গ্রেনফেল টাওয়ারের নবম বার্ষিকী

গ্রেনফেল কমিউনিটি 14 জুন মর্মান্তিক ঘটনার নবম বার্ষিকী স্মরণের প্রস্তুতি নিচ্ছে। আমরা এই সময়ে শোকসন্তপ্ত পরিবার, উত্তরজীবী এবং বৃহত্তর সম্প্রদায়কে সহায়তা করতে প্রতিশ্রুতিবদ্ধ। শ্রদ্ধার নিদর্শন স্বরূপ, টাওয়ারের কাজ 12 জুন শুক্রবার দুপুরের খাবারের সময় থেকে বন্ধ থাকবে এবং 16 জুন মঙ্গলবারের আগে শুরু হবে না। এই গুরুত্বপূর্ণ দিনটি উপলক্ষে টাওয়ারে অতিরিক্ত আলোকসজ্জার ব্যবস্থা করা হবে। চলমান কাজের কারণে, এই বছরের বার্ষিকী স্মরণের সময় গ্রেনফেল টাওয়ার সাইটে প্রবেশ করা সম্ভব হবে না।

## গ্রেনফেল হার্ট ব্যানার

মর্মান্তিক ঘটনার নবম বার্ষিকীর জন্য গ্রেনফেল হার্ট ব্যানারগুলো যথাস্থানে থাকবে। বার্ষিকীর পর, আমরা সতর্কতার সাথে টাওয়ার থেকে ব্যানারগুলো সরিয়ে ফেলা এবং সেগুলো নিরাপদে সংরক্ষণ করা শুরু করব। আমরা স্বীকার করি যে টাওয়ারটি দেখতে আলাদা লাগবে এবং এই ব্যানারগুলো অনেক মানুষের কাছে অর্থবহ। আপনার যদি কোনো প্রশ্ন থাকে, তবে অনুগ্রহ করে পরবর্তী পৃষ্ঠায় দেওয়া ইমেল অ্যাড্রেসে আমাদের সাথে যোগাযোগ করুন।

## পরিকল্পনার আবেদন

গত বছর পারমিটেড ডেভেলপমেন্টের আওতায় অত্যন্ত সতর্কতার সাথে গ্রেনফেল টাওয়ারে ভেঙে ফেলার কাজ শুরু হয়েছিল, যার মেয়াদ 12 মাস। কাজটি সম্পন্ন করার জন্য, আমরা ক্রাউন ডেভেলপমেন্ট পরিকল্পনা রুটের মাধ্যমে একটি পরিকল্পনার আবেদন জমা দিয়েছি। আবেদনটি অনলাইনে প্রকাশিত হওয়ার পর, আমরা ভবিষ্যতের একটি কমিউনিটি আপডেটে আপনার সাথে লিঙ্কটি শেয়ার করব।

এই প্রক্রিয়াটি পরিকল্পনার আবেদন থেকে সম্পূর্ণ আলাদা, যা গ্রেনফেল টাওয়ার মেমোরিয়ালের জন্য এই বছরের শেষের দিকে পেশ করা হবে এবং এটি ফ্রিহাউস (Freehaus)-এর পরিচালনায় কমিউনিটি-চালিত ডিজাইন প্রক্রিয়ার পর জমা দেওয়া হবে।

## ধুলোবালি, কম্পন এবং শব্দের মাত্রা পর্যবেক্ষণ সংক্রান্ত তথ্য

সরকার গ্রেনফেল টাওয়ারের সমস্ত কাজ সর্বোচ্চ মান অনুযায়ী সম্পন্ন করতে প্রতিশ্রুতিবদ্ধ। স্থানীয় জনগন এবং সাইটে কর্মরত কর্মীদের নিরাপত্তা ও সার্বিক মঙ্গল আমাদের কাছে সবসময়ই অগ্রাধিকার পাবে। সাইটে বিশেষ মনিটর স্থাপন করা হয়েছে যা ধুলোবালি, কম্পন এবং শব্দের মাত্রার লাইভ তথ্য সংগ্রহ করছে। এই তথ্যগুলো প্রতি মাসে প্রকাশ করা হয়। সর্বশেষ রিপোর্টগুলো দেখতে নিচের লিঙ্কগুলোতে ক্লিক করুন:

ধুলো পর্যবেক্ষণ রিপোর্ট 30 মার্চ থেকে 3 মে 2026
কম্পন পর্যবেক্ষণ রিপোর্ট 30 মার্চ থেকে 3 মে 2026 শব্দের মাত্রা পর্যবেক্ষণ রিপোর্ট 30 মার্চ to 3 মে 2026

কাজ চলাকালীন সময়ে ইউকে হেলথ সিকিউরিটি এজেন্সি (UKHSA) গ্রেনফেল টাওয়ারের আশেপাশের এলাকার বায়ুর মান মূল্যায়ন এবং পর্যবেক্ষণ করা অব্যাহত রাখবে। সংস্থাটি প্রতি মাসে তাদের রিপোর্টগুলো প্রকাশ করে থাকে। আপনি সর্বশেষ রিপোর্টটি এখানে গিয়ে দেখতে পারেন:
গ্রেনফেল টাওয়ার অগ্নিকাণ্ডের পর পরিবেশগত পর্যবেক্ষণ - GOV.UK

## স্বাস্থ্য ও মানসিক সুস্থতা বিষয়ক সহায়তা

আমরা জানি যে বছরের এই সময়টি পরিবারগুলোর জন্য বিশেষভাবে কঠিন হতে পারে। আপনি যদি কারও সাথে কথা বলতে চান, তবে গ্রেনফেল স্বাস্থ্য ও সুস্থতা পরিষেবা হলো শিশু এবং প্রাপ্তবয়স্কদের জন্য একটি বিনামূল্যের ও গোপন ন্যাশনাল হেলথ সার্ভিস (NHS) পরিষেবা। গ্রেনফেল টাওয়ারটি অত্যন্ত সতর্কতার সাথে সরিয়ে ফেলার এই পুরো কাজটা চলাকালীন শোকসন্তপ্ত পরিবার, উত্তরজীবী এবং নিকটস্থ এলাকার বাসিন্দাদের জন্য সহায়তা অব্যাহত থাকবে। আপনি যদি কারো সাথে কথা বলতে চান, তবে আপনি নিচের মাধ্যমগুলো ব্যবহার করতে পারেন:

- গ্রেনফেল ওয়েলবিয়িং সার্ভিসে 020 8637 6279 নম্বরে কল করুন (প্রতিদিন সকাল 8am থেকে রাত 8pm পর্যন্ত)

- যেকোনো জরুরি প্রয়োজনে নিচের নম্বরে সেন্ট্রাল অ্যান্ড নর্থ ওয়েস্ট লন্ডন ন্যাশনাল হেলথ সার্ভিস (NHS) ফাউন্ডেশন ট্রাস্টের সেন্ট্রাল অ্যান্ড নর্থ ওয়েস্ট লন্ডন (CNWL)-এর সিঙ্গেল পয়েন্ট অফ অ্যাকসেস অ্যাডভাইস লাইনে কল করুন:
  0800 0234 650 (সপ্তাহে সাত দিন ও দিনে 24 ঘণ্টা খোলা থাকে)।
- ইমেল করুন: grenfell.wellbeingservice@nhs.net
- আরও তথ্যের জন্য www.grenfellwellbeing.cnwl.nhs.uk ওয়েবসাইটে যান।

বর্তমানে উপলভ্য সেবাগুলো সম্পর্কে সর্বশেষ তথ্য পেতে ভিজিট করুন: www.grenfell.nhs.uk

## আমাদের সাথে যেভাবে কথা বলবেন বা আরও বিস্তারিত জানবেন

আমরা আপনার জন্য সহায়ক উপায়ে তথ্যগুলো জানাতে চাই। আমরা এখানে নিয়মিত আপডেট এবং তথ্য শেয়ার করতে থাকবো: www.gov.uk/grenfell-community-updates

আমাদের এই অ্যাড্রেসে ইমেল করুন: GrenfellTowerSite@communities.gov.uk এখানে:

- আমাদের সাথে অথবা গ্রেনফেল টাওয়ার সাইটের প্রধান কন্ট্র্যাক্টর ডিকনস্ট্রাক্ট ইউকে (DCUK)-এর সাথে কথা বলার ব্যবস্থা করুন।টাওয়ারটি ভালোভাবে সরিয়ে ফেলার কাজ নিয়ে আপনার কোনো প্রশ্ন থাকলে আমাদের জিজ্ঞাসা করুন অথবা আপনার কোনো উদ্বেগ থাকলে আমাদের তা জানান।
- আমাদের নিয়মিত আপডেটগুলো সরাসরি আপনার ইমেলে পেতে আমাদের জানান।
- আপনি চাইলে আপনাদের সাথে আমাদের যোগাযোগ এবং কথপকথনের মাধ্যমগুলো নিয়ে আপনার মতামত আমাদের সাথে শেয়ার করতে পারেন। আমরা আপনার মতামত জানার জন্য আগ্রহী।

গ্রেনফেল টাওয়ার সংক্রান্ত সর্বশেষ আপডেট পেতে এবং ইমেইল নোটিফিকেশনের জন্য সাইন-আপ করতে এই লিংকে যান: www.gov.uk/grenfell-community-updates অথবা QR কোড স্ক্যান করুন।

**গ্রেনফেল টাওয়ার সাইট ম্যানেজমেন্ট টিম,**

**আবাসন, জনবসতি ও স্থানীয় সরকার মন্ত্রক**